


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস
৬৬৮/৭, উত্তর আলেকান্দা রোড
বটতলা, বরিশাল

সংবাদপত্রের নাম:
প্রকাশের স্থান:
তারিখ:

দৈনিক
বাংলার বনে
সংবাদ পত্র

01 DEC 2025

সংবাদ:
সম্পাদকীয়:
প্রবন্ধ:
চিত্রপত্র:



বরিশাল মেরিন একাডেমিতে শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত

ডেস্ক রিপোর্ট ॥ বাংলাদেশ মেরিন একাডেমি বরিশালের ৪র্থ ব্যাচ ক্যাডেটদের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে। রোববার সকাল ১১টায় বরিশাল মেরিন একাডেমিতে কুচকাওয়াজের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এ সময় কৃতী ক্যাডেটদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নৌ পরিবহন মন্ত্রণালয়ের সচিব ড. নূরুন্নাহার চৌধুরী। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, একজন মেরিন অফিসার প্রায় ৫০ জন অদক্ষ শ্রমিকের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকেন। মেরিটাইম পেশাকে আরও জনপ্রিয় করা এবং প্রশিক্ষণ ব্যবস্থাকে আধুনিকায়নের জন্য সরকার সচেষ্ট। তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে দক্ষ মেরিন পেশাজীবীদের ক্রমবর্ধমান চাহিদার কারণে পাঁচটি মেরিন একাডেমি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশের মেরিন-াররা বিশ্বের বিভিন্ন দেশের **ও দ্বিতীয় পৃষ্ঠায় দেখুন**

বরিশাল মেরিন একাডেমিতে শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত

জাহাজে কর্মরত থেকে উল্লেখযোগ্য পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করছে, যা দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় সরাসরি অবদান রাখছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশালের কমান্ড্যান্ট ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তৌফিক আলম, রেঞ্জ ডিআইজি মঞ্জুর মোর্শেদ আলম, মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলামসহ নৌপরিবহন মন্ত্রণালয়, নৌপরিবহন অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, অন্যান্য সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ, অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। এ বছর একাডেমির নটিক্যাল বিভাগে ৩০ জন এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৩১ জন ক্যাডেটসহ সর্বমোট ৬১ জন ক্যাডেট প্রি-সি কোর্স সম্পন্ন করে প্রশিক্ষণ সমাপ্ত করেছেন।